গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
শৃঙ্খলা-২ শাখা
www.moha.gov.bd

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০১৪৯.২৫. ৬১০

তারিখ : ২৫ আষাঢ় ১৪৩৩ / ০৯ জুলাই ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব জুয়েল চাকমা, পিপিএম-সেবা (বিপি ৮৭১৪১৬৬৩২১), অতিরিক্ত পুলিশ সুপার, র‍্যাব-১৪, ময়মনসিংহ হিসেবে কর্মকালীন গত ১০.০৪.২০২৫ তারিখ ০৬ (ছয়) দিনের সাময়িক ছুটিতে নিজ বাড়ি গমন করেন। ছুটি শেষে গত ১৫.০৪.২০২৫ তারিখে র‍্যাব-১৪, ময়মনসিংহে তাঁর হাজির হওয়ার কথা থাকলেও তিনি হাজির হননি। তিনি গত ১৬.০৪.২০২৫ তারিখ হতে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে গরহাজির রয়েছেন। কর্মস্থলে তাঁর অননুমোদিত অনুপস্থিতিকাল ৬০ (ষাট) দিনের অধিক অতিক্রান্ত হয়েছে। তাঁর এহেন কর্মকান্ড কর্তব্যে অবহেলা এবং শিষ্টাচার বহির্ভূত আচরণ। সে পরিপ্রেক্ষিতে গত ১৪.০৮.২০২৫ তারিখে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক কারণ দর্শানো হয়; এবং

০২। যেহেতু, তিনি কারণ দর্শানোর জবাব প্রদান করেননি এবং তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হলে গুরুদন্ড আরোপের সম্ভাবনা থাকায় অভিযোগসমূহ তদন্তপূর্বক প্রতিবেদন প্রদানের জন্য সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) মোতাবেক গত ২৯.০৯.২০২৫ তারিখে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

০৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক গত ৩০.১২.২০২৫ তারিখে দাখিলকৃত প্রতিবেদনে তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়। সে পরিপ্রেক্ষিতে, তাঁকে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সূচক গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক গত ২২.০১.২০২৬ তারিখে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি দ্বিতীয় কারণ দর্শানো নোটিশেরও জবাব প্রদান করেননি; এবং

০৪। যেহেতু, তদন্ত প্রতিবেদন, অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক অন্যান্য বিষয়াদি পর্যালোচনায় তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "পলায়ন"-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক তাঁকে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সূচক গুরুদন্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত বহাল রাখা হয়। সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৭(১০) বিধি এবং বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পরামর্শকরণ) রেগুলেশনস, ১৯৭৯ এর ৬ নং রেগুলেশন মোতাবেক উক্ত গুরুদন্ড প্রদানের বিষয়ে পরামর্শ প্রদানের জন্য গত ০৮.০৪.২০২৬ তারিখে বাংলাদেশ সরকারি কর্ম কমিশনকে অনুরোধ জানানো হয়। তৎপ্রেক্ষিতে, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন গত ০৭.০৬.২০২৬ তারিখে তাঁকে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সূচক গুরুদন্ড প্রদান করা যায় মর্মে পরামর্শ প্রদান করে; এবং

০৫। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(৬) বিধি অনুযায়ী জনাব জুয়েল চাকমা, পিপিএম-সেবা (বিপি ৮৭১৪১৬৬৩২১), সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, র‍্যাব-১৪, ময়মনসিংহ (বর্তমানে সাময়িক বরখাস্ত ও পলাতক)-কে "চাকুরী হইতে বরখাস্তকরণ" সূচক গুরুদন্ড আরোপের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষ হিসেবে মহামান্য রাষ্ট্রপতি গত ০৬.০৭.২০২৬ তারিখে সানুগ্রহ অনুমোদন করেন;

০৬। সেহেতু, জনাব জুয়েল চাকমা, পিপিএম-সেবা (বিপি ৮৭১৪১৬৬৩২১), সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, র‍্যাব-১৪, ময়মনসিংহ (বর্তমানে সাময়িক বরখাস্ত ও পলাতক)-কে "সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী যথাক্রমে "অসদাচরণ" ও "পলায়ন"-এর দায়ে রুজুকৃত বিভাগীয় মামলায় প্রমাণিত অভিযোগের গুরুত্ব বিবেচনায় একই বিধিমালার ৪(৩)(ঘ) বিধি মোতাবেক গুরুদন্ড হিসেবে তাঁকে "চাকুরী হইতে বরখাস্ত" করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

০৯/০৭/২৬

মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

তারিখ : ২৫ আষাঢ় ১৪৩৩
০৯ জুলাই ২০২৬

স্মারক নং-৪৪.০০.০০০০.০০০.২৩৫.২৭.০১৪৯.২৫. ৬১০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) পুলিশ মহাপরিদর্শক, পুলিশ অধিদপ্তর, ঢাকা
৪) মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
৫) উপসচিব, পুলিশ-১ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা
৮) উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও (প্রজ্ঞাপনটি গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
৯) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
১০) জনাব জুয়েল চাকমা (বিপি ৮৭১৪১৬৬৩২১), সাবেক অতিরিক্ত পুলিশ সুপার, র‍্যাব-১৪, ময়মনসিংহ (চাকুরী হইতে বরখাস্তকৃত)
১১) অতিরিক্ত সচিব (শৃঙ্খলা অনুবিভাগ)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
১২) অফিস কপি/মাস্টার কপি।

09-7-2026

মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব